

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কলাপাড়া, পটুয়াখালী
www.kalapara.patuakhali.gov.bd

বিষয় : কলাপাড়া উপজেলা আইসিটি কমিটির নভেম্বর ২০১৯ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মুনিবুর রহমান,
উপজেলা নির্বাহী অফিসার
কলাপাড়া, পটুয়াখালী।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

তারিখ : ২৬/১১/২০১৯ খ্রি:


সময় : সকাল-১০.০০ ঘটিকায়

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পর্যায়ে আইসিটি'র বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে উপজেলার আইসিটি কমিটির সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

ক্রমিক:	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.০	উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ সংক্রান্ত	এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ক) কলাপাড়া উপজেলায় ওয়েব সাইটের হালনাগাদের কাজ খুবই ধীর গতিতে চলছে। বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা এ বিষয়ে আন্তরিক হলে দ্রুত ফলাফল পাওয়া যাবে। ইতিপূর্বে কয়েকবার ওয়েব পোর্টাল ট্রেনিং বিভিন্ন দপ্তরের কর্মকর্তা / কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান এবং অন্যান্য দপ্তরের কর্মকর্তা / কর্মচারীদের বিভিন্ন সময়ে এ বিষয়ে সহযোগিতা প্রদান করেন। খ) সভাপতি এ বিষয়ে আরও বেশি আন্তরিক হওয়ার জন্য সকল দপ্তর প্রধান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সহ উদ্যোক্তাদের সহযোগিতা কামনা করেন।	১। ওয়েব সাইট হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। ২। ইউনিয়ন পর্যায়ে ১০০% ওয়েব সাইট হালনাগাদ বাস্তবায়নের কাজের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয়।	১। দপ্তর প্রধান (সকল), কলাপাড়া ২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কলাপাড়াও উদ্যোক্তা (সকল)

২.০	ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত	কলাপাড়া উপজেলার যে সকল অফিস ই-নথিতে লাইভ এ আছে সে সকল অফিস এ দাপ্তরিক কাজ ই-নথির মাধ্যমে করার জন্য অনুরোধ করা হয়। খুব দ্রুতই ই-নথি প্রশিক্ষণ শুরু হবে বলে জানানো হয়। পর্যায়ক্রমে উপজেলার অন্যান্য সব দপ্তরের কর্মকর্তা এবং কর্মচারীরাও প্রশিক্ষণের সুযোগ পাবে বলে জানানো হয়।	১। ই-নথি কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো।	১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কলাপাড়া
৩.০	শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত	এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে কলাপাড়া উপজেলার ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে।	১। ল্যাবের যথাযথ ব্যবহার যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে প্রত্যেক মাসে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।	১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কলাপাড়া ২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), কলাপাড়া
৪.০	মাল্টিমিডিয়া ক্লাস রুম কার্যক্রম সংক্রান্ত	এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে শিক্ষকরা যাতে নিয়মিত ক্লাস নেয় এবং তথ্য আপলোড করে সে জন্য মনিটরিং জোরদার করতে হবে।	১। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেম যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।	১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কলাপাড়া ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলাপাড়া ৩। উপজেলা শিক্ষা অফিসার, কলাপাড়া

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ মুনিবুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
কলাপাড়া, পটুয়াখালী

স্মারক নম্বর : ৫৬.৪৪.৭৮৬৬.০০০.০৬.০০১.১৯-০২(৫০)

১১ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ

তারিখ : -----

২৬ নভেম্বর, ২০১৯ খ্রি:

সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় সংসদ সদস্য, ১১৪-পটুয়াখালী-৪।
- ২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৫। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলাপাড়া, পটুয়াখালী।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী।
- ৮। মেয়র, কলাপাড়া / কুয়াকাটা পৌরসভা, কলাপাড়া, পটুয়াখালী।
- ৯। প্রোগ্রামার, জেলা কার্যালয়, পটুয়াখালী।
- ১০। উপজেলা..... অফিসার (সকল), কলাপাড়া, পটুয়াখালী।
- ১০। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), কলাপাড়া, পটুয়াখালী।

hmv ২৬/১১/১৯

দিলরুবা ইয়াসমীন

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

ও

সদস্য সচিব

উপজেলা আইসিটি বিষয়ক কমিটি

কলাপাড়া, পটুয়াখালী

মোবাইল-০১৭৭৩৭৯৫৪২৭

dilrubayeasmin.cse.pust@gmail.com